গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
www.birtan.gov.bd

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর গত ২ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | মোঃ খোরশেদ আলম এনডিসি<br>নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ। |
| সভার সময় | সকাল ১১:৩০ ঘটিকা। |
| স্থান | নির্বাহী পরিচালক মহোদয়ের কক্ষ, বারটান প্রধান কার্যালয়। |
| সংযুক্তি | সভায় উপস্থিত প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের হাজিরা পত্র 'ক' |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে সভায় স্বাগত জানান। বারটানের নির্বাহী পরিচালক উক্ত সভার সভাপতি হিসেবে বারটানের সকল কর্মকর্তাদের প্রতি দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন। তিনি সকল কর্মকর্তাদের কর্মের মাধ্যমে বারটানের ইতিবাচক ভাবমূর্তি তৈরির নির্দেশনা প্রদান করেন। দায়িত্বশীলতা, সৃজনশীলতা, সময়ানুবর্তিতা, অধ্যবসায়সহ প্রভৃতি সদগুণের উপর গুরত্বারোপ করে তিনি বারটানের বোর্ড সভার সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন ও চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার আহ্বান জানান। আলোচ্যসূচী অনুযায়ী সহকারী পরিচালক বিস্তারিত উপস্থাপন করেন। উপস্থিত সকল কর্মকর্তা তাদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে যেসব সিদ্ধান্ত গৃহীত হয় সেগুলো নিম্নে উপস্থাপন করা হলো:-

| ক্রঃ নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১ | **আঞ্চলিক কার্যালয়ের সংখ্যা বৃদ্ধি ও অর্গানোগ্রাম বৃদ্ধি**<br>বারটানের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব প্রিন্স বিশ্বাস বলেন আমরা ইতিমধ্যে কাজ শুরু করেছি। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিরদেশনা অনুযায়ী চেকলিস্ট প্রস্তুত করা হচ্ছে। এ বিষয়ে SRDI, BINA সাথে কথা বলা হয়েছে। SRDI ইতোমধ্যে তাদের জন্য অর্গানোগ্রাম তৈরি করেছে। বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর পুষ্টি শিক্ষা শাখার অধ্যক্ষ ড. জামাল হোসেন এসআরডিআই-এর সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করেছেন বলে উল্লেখ করে অতি শীঘ্রই উক্ত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করবেন বলে জানান। তারা যেহেতু নিজেদের অর্গানোগ্রাম তৈরি করেছে সে অর্গানোগ্রামের বিস্তারিত আমাদের সাথে শেয়ার করবে বলে আমাদের আশ্বস্থ করেছেন। | ১.১। ৭ জুলাই, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল দশটার মধ্যে অর্গানোগ্রাম এর চেকলিস্ট জমা দিতে হবে।<br>১.২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনে যোগাযোগ করতে হবে।<br>১.৩। কি কি ডকুমেন্টস লাগবে তা জেনে নিতে হবে।<br>১.৪। অর্গানোগ্রামের খসড়া কপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | জনাব তাসনীমা মাহজাবীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>ড. মোঃ জামাল হোসেন, অধ্যক্ষ, পুষ্টি শিক্ষা শাখা<br>ড. মোঃ আব্দুর রাজ্জাক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>জনাব মোহাম্মদ ওমর ফারুক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>জনাব মো: মনির হোসেন, সহকারী পরিচালক<br>জনাব প্রিন্স বিশ্বাস, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা |

| ক্রঃ নং | বিষয় ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ২ | **আন্তর্জাতিক মানের হলরুম ও ডরমিটরি তৈরিঃ**<br>বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব ড. মোঃ জহির উল্লাহ বলেন ইতিমধ্যে একটি লজিকাল ফ্রেমওয়ার্ক নির্বাহী পরিচালক মহোদয়ের সাইন দিয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) তৈরি করে দ্রুত মন্ত্রণালয় জমা দিতে হবে। কিন্তু ডিপিপি তৈরি করার জন্য এক্সপার্ট প্রয়োজন যা অনেক ব্যয়বহুল। এক্ষেত্রে নির্বাহী পরিচালক মহোদয় প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে এক্সপার্ট এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন। | ২.১ প্লানিং ডিভিশন এর সাথে যোগাযোগ করতে হবে।<br>২.২ ক্যাপাসিটি বিল্ডিং দিতে হবে। প্রয়োজনে এক্সপার্ট নিয়োগ দিতে হবে। | ড. মোঃ জামাল হোসেন, অধ্যক্ষ, পুষ্টি শিক্ষা শাখা<br>ড. মোঃ জহির উল্লাহ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>জনাব মো: মনির হোসেন, সহকারী পরিচালক<br>জনাব মো: শামীম মন্ডল, সহকারী প্রশিক্ষক |
| ৩ | **ডিপ্লোমা কোর্স বাস্তবায়ন**<br>পুষ্টি শিক্ষা শাখার অধ্যক্ষ জনাব ড. মোঃ জামাল হোসেন বলেন ইতিমধ্যে তিনমাস মেয়াদী ডিপ্লোমা কোর্সের মডিউল তৈরি করে মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় এর পুষ্টি ইনস্টিটিউটকে ইতিমধ্যে চিঠি দেওয়া হয়েছে এবং তারা কোর্স বাস্তবায়নে বারটানকে সহায়তার আশ্বাস প্রদান করেছে। চারদিন ব্যাপী শর্ট কোর্স ইতিমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। | ৩.১। মন্ত্রণালয় এর সাথে যোগাযোগ করে চিঠির আউটকাম নির্বাহী পরিচালক মহোদয়কে অবহিত করতে হবে। | ড. মোঃ জামাল হোসেন, অধ্যক্ষ, পুষ্টি শিক্ষা শাখা<br>জনাব ফারজানা রহমান ভূঞা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ শাখা<br>জনাব ফারজানা ছিমি, উর্ধ্বতন প্রশিক্ষক, পুষ্টি শিক্ষা শাখা<br>জনাব ছামিয়া মাহবুবা, প্রশিক্ষক, পুষ্টি শিক্ষা শাখা<br>জনাব দীপ্রজিত সরকার, প্রশিক্ষক, পুষ্টি শিক্ষা শাখা<br>জনাব মো: শামীম মন্ডল, সহকারী প্রশিক্ষক, পুষ্টি শিক্ষা শাখা<br>জনাব সুলতানা পারভীন মুক্তা, প্রশিক্ষক, পুষ্টি শিক্ষা শাখা |
| ৪ | **বিবিধ:**<br>বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ছাড়াও অন্যান্য বিষয় নিয়ে আলোচনা হয় যার মধ্যে রয়েছে মিডিয়া সেল, ল্যাব গবেষণার অগ্রগতি, মাঠ গবেষণার অগ্রগতি, সেচ ব্যবস্থাপনা, দেয়ালের কাজের অগ্রগতি, বারটানের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের চেকপোস্ট, বাটানের বিভিন্ন চলমান কাজ, মসজিদের বিভিন্ন সমস্যাসহ প্রভৃতি বিষয় নিয়ে আলোচনা হয়। | [illegible] | [illegible] |
| ৪.১ | **মিডিয়া সেল**<br>মিডিয়া সেলকে কিভাবে আরো গতিশীল করা যায় সেবিষয়ে উপস্থিত কর্মকর্তাগণ মত দেন। বারটান নিয়মিত পুষ্টিবার্তা প্রকাশ করে উল্লেখ করে জনসংযোগ কর্মকর্তা জনাব সাব্বির আহামদ বলেন 'বারটান নিজস্ব ফেসবুক পেজে বিভিন্ন ফলিত পুষ্টি বিষয়ক তথ্য, ভিডিও ও অন্যান্য কন্টেন্ট শেয়ার করে'। মিডিয়া সেলকে অধিকতর একটিভ হওয়ার পরামর্শ দেওয়া হয় যাতে বারটানের বার্তা জনগণের নিকট আরো সহজে এবং আকর্ষণীয়ভাবে পৌছানো যায়। | ৪.১.১। মাসিক পুষ্টিবার্তা নিয়মিত প্রকাশ করতে হবে। ষাণ্মাসিক পুষ্টি বার্তা যথা সময়ে প্রকাশ করতে হবে।<br>৪.১.২। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণা বাড়াতে হবে। এ বিষয়ে প্রত্যেক মাস শেষে ফেসবুকে, ইউটিউবে কয়টি ভিডিওবার্তা দেওয়া হয়েছে/কি পরিমাণ কনটেন্ট তৈরি করা হয়েছে তা জানাতে হবে। | জনাব ড. মোঃ জামাল হোসেন, অধ্যক্ষ |

| | | | |
|---|---|---|---|
| ৪.২ | **ল্যাব গবেষণার অগ্রগতি**<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব তাসনীমা মাহজাবীন বলেন বারটানের ল্যাব গবেষণাগারে নিয়মিত গবেষণা কার্যক্রম পরিচালিত হয়। তিনি বিভিন্ন সময়ে ল্যাবের যন্ত্রাংশ মেরামতের জন্য আসা ব্যক্তিদের খাওয়ার ব্যবস্থা ও সম্মানী প্রদানের ব্যাপারে নির্বাহী পরিচালক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সকল ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বিভিন্ন সময়ে ল্যাবে তাদের পরিচালিত গবেষণা কার্যক্রম সম্পর্কে বারটানের নির্বাহী পরিচালক মহোদয়কে অবহিত করেন। | ৪.২.১। সকল SSO, SO, ASO ল্যাবে নিয়মিত কাজ করবে।<br>৪.২.২। ল্যাবে রুটিন মাফিক কাজ করতে হবে।<br>৪.২.৩। বাইরের বিভিন্ন খাদ্য ল্যাবে পরীক্ষা কতে পারে।<br>৪.২.৪। ল্যাবে পরীক্ষার অগ্রগতি ১৫ দিন অন্তর অন্তর নির্বাহী পরিচালক মহোদয়কে অবহিত করতে হবে।<br>৪.২.৫। ল্যাবের যন্ত্রাংশ মেরামতে আসা ব্যক্তিদের খাওয়ার ব্যবস্থা ও সম্মানী প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | জনাব তাসনীমা মাহজাবীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>জনাব মো: মনির হোসেন, সহকারী পরিচালক |
| ৪.৩ | **মাঠ গবেষণার অগ্রগতি**<br>বারটানের মাঠকে যাতে গবেষণা উপযোগী রাখা যায় এবং মাঠের সৌন্দর্য বৃদ্ধি করা যায় সেবিষয়ে আলোচনা হয়। মাঠে নিয়োজিত শ্রমিকরা যাতে কাজ যথাযথভাবে সম্পন্ন করে এবং মাঠের চলমান কাজ যাতে আরো দৃশ্যমান হয় তা নিয়ে কর্মকর্তারা কথা বলেন। | ৪.৩.১। মাঠ গবেষণাকে কার্যকর করার জন্য দুইটি কর্মসূচি নেওয়া হবে। | একটি কর্মসূচি বাস্তবায়ন করবেন জনাব ড. মোঃ জহির উল্লাহ্, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>অন্যটি বাস্তবায়ন করবেন জনাব মোঃ শরিফুল ইসলাম, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং জনাব প্রিন্স বিশ্বাস, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৪.৪ | **সেচ ব্যবস্থাপনা**<br>ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ জহির উল্লাহ বলেন ভূগর্ভস্থ নলকূপ বসানোর কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। পানির সঞ্চালন লাইন স্থাপনের কাজ চলমান রয়েছে এবং তা দ্রুততম সময়ের মথে শেষ করা হবে। | ৪.৪.১। RDA র কাজ তদারকি করতে হবে।<br>৪.৪.২। সেচ ব্যবস্থাপনার কাজ দ্রুত শেষ করতে হবে। | জনাব মোঃ শরিফুল ইসলাম, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৪.৫ | **দেয়ালের কাজের অগ্রগতি**<br>ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ শরিফুল ইসলাম বারটানের নির্মাণাধীন সীমানা প্রাচীরের কাজের অগ্রগতি তুলে ধরেন। তিনি সহকারী প্রকৌশলী জনাব ফয়সাল মাহমুদকে সাথে নিয়ে প্রায়শ কাজের অগ্রগতি পরিদর্শনে যান বলে উল্লেখ করেন। | ৪.৫.১। দেয়ালের চলমান কাজ নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।<br>৪.৫.২। নির্মাণাধীন দেয়ালের কাজ দ্রুত শেষ করতে হবে। | জনাব মোঃ শরিফুল ইসলাম, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৪.৬ | **নিরাপত্তাপোস্ট**<br>বারটানের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের চেকপোস্টে আনসার সদস্যদের দায়িত্ব পালনে অবহেলার বিষয়ে আলোচনা হয়। জনসংযোগ কর্মকর্তা জনাব সৈয়দ সাব্বির আহমেদ বলেন, নির্মাণাধীন সীমানা প্রাচীরের পাশে আনসার সদস্যরা নিয়মিত টহল কার্যক্রম পরিচালনা করেন। আনসার সদস্যরা যাতে আরো দায়িত্বশীল হন এবং বারটানের নির্মণাধীন সীমানা প্রাচীরের পাশে মাটিকাটার বিষয়ে খেয়াল রাখেন সে বিষয়ে নির্বাহী মহোদয় কথা বলেন। | ৪.৬.১। সাপ্তাহিক একবার ফলো আপ করতে হবে।<br>৪.৬.২। প্রশাসনিক ভবনের সামনের আনসার সদস্য দিনের বেলায় ভবনের পূর্বদিকের মাঠে নজর রাখবে।<br>৪.৬.৩। আনসার সেডে কোন আনসার থাকবে না, বরং তিনি দেয়ালের পাশে থাকবে।<br>৪.৬.৩। দিনের বেলায় ডরমিটরির সামনের আনসার সদস্য ডরমিটরির সামনে গাছতলা থেকে এবং ট্রেনিং ভবনের আনসার সদস্য ট্রেনিং ভবনের উত্তর- | জনাব সৈয়দ সাব্বির আহমেদ, জনসংযোগ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | | পূর্বকোণ থেকে নির্মাণাধীন দেয়ালের দিকে নজর রাখবে। | |
| ৪.৭ | **প্রশাসনিক ভবন**<br>প্রশাসনিক ভবনে চলমান বিভিন্ন কাজ, বারটানের নামফলক স্থাপনের পরিকল্পনা, নির্বাহী পরিচালক মহোদয়ের রুমের আভ্যন্তরীণ ডিজাইনের মত বিষয় নিয়ে আলোচনা হয়। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব প্রিন্স বিশ্বাস নির্বাহী পরিচালক মহোদয়ের রুমের আভ্যন্তরীণ সজ্জার জন্য ডিজাইনারের সাথে কথা হয়েছে বলে জানান। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ শরিফুল ইসলাম কনফারেনস রুমের আভ্যন্তরীণ সজ্জার চলমান কাজ প্রায় শেষের দিকে বলে উপস্থিত সবাইকে অবহিত করেন। | ৪.৭.১। প্রশাসনিক ভবনের সামনে বারটানের নামফলক স্থাপন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং কাজ দ্রুত শেষ করতে হবে<br>৪.৭.২। নির্বাহী পরিচালক মহোদয়ের রুমের আভ্যন্তরীণ ডিজাইনের কাজ দ্রুত শুরু করতে হবে করতে হবে।<br>৪.৭.২। কনফারেন্স রুমের আভ্যন্তরীণ সজ্জার চলমান কাজের অগ্রগতি জানাতে হবে। | জনাব প্রিন্স বিশ্বাস, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা |
| ৪.৮ | **ডরমেটরি**<br>ডরমিটরির দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জনাব মো: শামীম মন্ডল, সহকারী প্রশিক্ষক ডরমিটোরির চলমান ওয়াশ রুমের কাজের অগ্রগতি অবহিত করার পাশাপাশি বিভিন্ন সময় ক্ষতিগ্রস্থ দরজা মেরামতের কাজ চলমান রয়েছে বলে জানান। | ৪.৮.১। ডরমিটরির দরজা লাগানো ও বাথরুম তৈরির কাজ দ্রুত শেষ করতে হবে।<br>৪.৮.২। ব্ল্যাক আউটের সময় যাতে জেনারেটরের সংযোগ দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। | জনাব মো: মনির হোসেন, সহকারী পরিচালক<br>জনাব মো: শামীম মন্ডল, সহকারী প্রশিক্ষক |
| ৪.৯ | **মসজিদ**<br>মসজিদের বিভিন্ন সমস্যা নিয়ে সভায় আলোচনা হয়। সহকারী পরিচালক জনাব মোস্তাফিজুর রহমান মসজিদের ছাদ থেকে পানি পড়া, সাউন্ড সিস্টেমের অনুপস্থিতি, ডিজিটাল ঘড়ি নষ্ট হওয়ার মত বিষয়সমূহের ব্যাপারে উপস্থিত কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। নির্বাহী পরিচালক মহোদয় সমস্যাসমূহ সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। | ৪.৯.১। গম্বুজে লাগানো গ্লাসের ফিটিংস চেক করে দেখতে হবে।<br>৪.৯.২। পানি যাতে প্রবেশ না করে তার ব্যবস্থা নিতে হবে।<br>৪.৯.৩। ডিজিটাল ঘড়ি দ্রুত মেরামত করতে হবে। | জনাব মোস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.১৮.০০১.২৪-১৬০

তারিখঃ ৯ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

৩০।৭।২৪

(মোঃ খোরশেদ আলম এনডিসি)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
ই-মেইলঃ ed@birtan.gov.bd

অনুলিপিঃ

০১। জনাব তাসনীমা মাহজাবীন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০২। ড. মোঃ জামাল হোসেন, অধ্যক্ষ, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৩। ড. মোঃ আব্দুর রাজ্জাক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান, আঞ্চলিক কার্যালয়, রংপুর।
০৪। জনাব ফারজানা রহমান ভূঞা, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৫। জনাব ড. মোঃ জহির উল্লাহ, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৬। জনাব প্রিন্স বিশ্বাস, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৭। জনাব মোহাম্মদ ওমর ফারুক, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৮। জনাব মোঃ শরিফুল ইসলাম, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
০৯। জনাব ফারজানা ছিমি, ঊর্ধ্বতন প্রশিক্ষক, বারটান, আঞ্চলিক কার্যালয়, বরিশাল।
১০। জনাব সুলতানা পারভীন মুক্তা, প্রশিক্ষক, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১১। জনাব মো: মনির হোসেন, সহকারী পরিচালক, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১২। মোস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৩। জনাব ছামিয়া মাহবুবা, প্রশিক্ষক, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৪। জনাব মো: শামীম মন্ডল, সহকারী প্রশিক্ষক, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৫। জনাব মোঃ অহিদুল ইসলাম, সহকারী প্রশিক্ষক, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৬। নির্বাহী পরিচালক মহোদয়-এর স্টাফ অফিসার, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ। [নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
১৭। প্রশাসন/হিসাব শাখা, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
১৮। । আইসিটি, বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৯। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।